

চেয়ারম্যান

কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় দিনাজপুর-৫২০০, বাংলাদেশ
ফোনঃ +৮৮০-৫৩১-৬৫৪২৯ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮০-৫৩১-৬১৩৪৪
মোবাইল: ০১৭৭৭৪৪৮৯২৯



CHAIRMAN

Department of Agroforestry and
Environment
Hajee Mohammad Danesh Science &
Technology University,
Dinajpur—5200, Bangladesh
Fax : +880-531-61344
Mobile: 01777448929

স্মারক নং: হাবিপ্রবি/এজিএফ/১৯৫৭

তারিখঃ ১৪/০৬/২০২৬

জুলাই-ডিসেম্বর-২০২৬ সেমিস্টারে কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগে এম.এস. ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি


হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের ০৬/০৭/২০১৯ তারিখের ৪৭তম সভার ২নং সিদ্ধান্তমূলে (অফিস আদেশ স্মারক নং- হাবিপ্রবি/কাউন্সিল/২০১০/রিবোসিবা/প্রশা/৩১৪ তারিখঃ ২২/১০/২০১৯) এবং মাননীয় ভিসি মহোদয়ের গত ১১.০৬.২৬ তারিখের অনুমোদনের আলোকে জুলাই-ডিসেম্বর-২০২৬ সেমিস্টারে কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগে তিন সেমিস্টার (১৮ মাস) মেয়াদি এম.এস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ভর্তিযোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতা ও শর্তাবলী:

- স্বীকৃত বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে।
- কোর্স ক্রেডিট পদ্ধতিতে পাশকৃত প্রার্থীর CGPA ৪.০ এর মধ্যে কমপক্ষে ২.৫ অথবা ৫.০ এর মধ্যে কমপক্ষে ৩.৫ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম C⁺ গ্রেড থাকতে হবে।
- কোর্স ক্রেডিট পদ্ধতি বর্হিভূত প্রার্থীর ক্ষেত্রে গড়ে ন্যূনতম ৫০% নম্বর এবং ভর্তিচ্ছু বিষয়ে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।
- সকল চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নম্বর শিথিলযোগ্য।

ভর্তি সম্পর্কিত অন্যান্য তথ্যাদি:

- হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চত্বরে অবস্থিত রূপালী ব্যাংক লিঃ এর শাখায় ৭০০/- টাকা মাত্র প্রদানপূর্বক আবেদনের জন্য উক্ত ব্যাংকে রক্ষিত নির্ধারিত ফরম ১৫/০৬/২০২৬ হতে সংগ্রহ করা যাবে এবং তা পূরণ করে সর্বশেষ ২৫/০৬/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিভাগে জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সত্যায়িত সার্টিফিকেট, মার্কশীট ও চার (০৪) কপি পাসপোর্ট সাইজ ও এক (০১) কপি স্ট্যাম্প সাইজ ছবিসহ প্রয়োজনীয় সকল কাগজ পত্রাদি সংযোজন করতে হবে।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই দরখাস্তের সাথে নিজ নিজ বিভাগীয় নিয়োগকর্তার নিকট থেকে শিক্ষা ছুটির আদেশ/প্রত্যয়ন সংযোজন করতে হবে এই মর্মে যে, অধ্যয়নকালে প্রার্থীকে তিন সেমিস্টারব্যাপী (১৮ মাস) শিক্ষা ছুটি প্রদান করবেন।
- ভর্তির যোগ্য নির্বাচিত প্রার্থীর তালিকা প্রকাশ: ২৮/০৬/২০২৬
- নির্বাচিত প্রার্থীদের ২৯/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে বিভাগের অফিস হতে ভর্তি ফি জমাদানের রশিদ সংগ্রহ করে রূপালী ব্যাংক লিঃ, হাবিপ্রবি শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে একই অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করে তা পূরণ করে উল্লিখিত তারিখের মধ্যে টাকা জমাদানের রশিদসহ পূরণকৃত ফরম জমা দিতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অস্পষ্ট এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল ব্যতীত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষ পরিবর্তন/সংযোজন করার ক্ষমতা রাখেন।



(প্রফেসর ড. মো. শোয়াইবুর রহমান)

চেয়ারম্যান, কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ
হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০